

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ১/৩৩৩ এম এম এন এন ডিবি/২২, ঢাকা।			
ডায়েরী নং: ২২৭	তারিখ: ২০২২	গণপূর্ত নং: ১	
সং. প্র:	কি. বি. প্র:	নি. প্র:	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১০২.১৮.৪৪১

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০

০৫ জুন ২০২৩

বিষয়: ১৬ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ (সংশোধিত ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ ও ৪ টি পাসপোর্ট ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ) প্রকল্পের আওতায় ৮ টি কেন্দ্রের জন্য ৬০২.৫০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক (উপসচিব), ১৬ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকার স্মারক নং-প্রপদ/৩/১৬ পাসপোর্ট/অর্থছাড়/৬৯২-তারিখ-০৮-০৫-২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩-আর্থিক সালে খরচ করার জন্য =৬০২.৫০ লক্ষ (ছয় কোটি দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নিম্নবর্ণিতহারে বরাদ্দ করা হলোঃ

(টাকার অংক লক্ষ টাকায়)

ক্র নং	পাসপোর্ট অফিসের নাম	বরাদ্দ	গণপূর্ত বিভাগ
০১.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, সিলেট (নির্মাণ ও পূর্ত)	৭.৫০	সিলেট
০২.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, পিরোজপুর (নির্মাণ ও পূর্ত)	৪০.০০	পিরোজপুর
০৩.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাজীপুর (নির্মাণ ও পূর্ত)	৮৫.০০	গাজীপুর
০৪.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট (নির্মাণ ও পূর্ত)	১০০.০০	জয়পুরহাট
০৫.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও (নির্মাণ ও পূর্ত)	১০০.০০	ঠাকুরগাঁও
০৬.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, নাটোর (নির্মাণ ও পূর্ত)	১০০.০০	নাটোর
০৭.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (নির্মাণ ও পূর্ত)	৯০.০০	নীলফামারী
০৮.	আঞ্চলিক পাসপোর্ট অফিস, পঞ্চগড় (নির্মাণ ও পূর্ত)	৮০.০০	পঞ্চগড়
	মোট=	৬০২.৫০	

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট সরাসরি ন্যস্তকৃত =৬০২.৫০ লক্ষ (ছয় কোটি দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হিসাবের কোড নং-২-২৪২৬-০৫০০-৪১১১২০১ খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে। শর্ত সমূহ ০ঃ

(১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অঙ্কের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না।